



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com



EIIN: 125663

College code: 3000

স্মারক নং-সএক/ ২১৩৭


তারিখ: ১৮-০৩-২০২৪ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা, ২০২৪ এর ফলাফল দ্রুত প্রকাশের নিমিত্তে প্রতিটি বিষয়ের ১ম ও ২য় উভয় পত্রেরই উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

অত্র কলেজের সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষকমণ্ডলীকে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা আগামী ২৪-০৩-২০২৪ খ্রি: তারিখে শেষ হবে। আপনারা অবগত আছেন যে, শিক্ষার্থীদের জন্য নির্বাচনী পরীক্ষা খুবই গুরুত্বপূর্ণ এবং সাধারণত নির্বাচনী পরীক্ষার পরেই এইচএসসি পরীক্ষার ফরমপূরণ শুরু হয়ে থাকে। তাই ফরমপূরণের পূর্বে নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। সে জন্য নির্বাচনী পরীক্ষা, ২০২৪ এর ফলাফল দ্রুত প্রকাশের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগে প্রেরিত উত্তরপত্রের সাথে সরবরাহকৃত নির্দেশিকায় উল্লিখিত তারিখের মধ্যে প্রতিটি বিষয়ের ১ম ও ২য় উভয় পত্রেরই উত্তরপত্র মূল্যায়ন পূর্বক প্রাপ্ত নম্বর দ্রুত অনলাইনে এন্ট্রি দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো। দরকারি তথ্যের জন্য জনাব শেখ মোহাম্মদ হাসান তারেক, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ - এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিঃদ্র: প্রতিটি বিষয়ের ১ম ও ২য় উভয় পত্রেরই উত্তরপত্র মূল্যায়ন পূর্বক নম্বর এন্ট্রি দিতে হবে। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

প্রতিস্বাক্ষর



১৮. ৩. ২০২৪
(প্রফেসর ড. মো. মাহবুব সরফরাজ)

অধ্যক্ষ

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
প্রফেসর ড. মো. মাহবুব সরফরাজ
আইডি নং-৩২৭৬


স্মারক নং-সএক/ ২১৩৭/২৩ অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

- ১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ৩-২১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ২২। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২৩। নথি।


১৮/০৩/২০২৪
আহবায়ক

দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা পরিচালনা কমিটি, ২০২৪
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

তারিখ: ১৮-০৩-২০২৪ খ্রি.


১৮/০৩/২০২৪
আহবায়ক

দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা পরিচালনা কমিটি, ২০২৪